CityFHEPS পুনর্নবীকরণ
প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
(Bengali)

আমাকে কি আমার CityFHEPS পুনর্নবীকরণ করতে হবে?

হ্যাঁ। আপনাকে অবশ্যই আপনার CityFHEPS এর ভর্তুকি পুনরায় নবীকরণ করাতে হবে। ভর্তুকির বছর শেষ হওয়ার পাঁচ মাস আগে আমরা আপনাকে একটি পুনর্নবীকরণের আবেদনপত্র পাঠাবো। যখন আপনি আপনার পুনর্নবীকরণের আবেদনপত্রটি পাবেন, তখন আপনাকে সেটি আমাদের কাছে ফেরত পাঠাতে হবে এবং:

- আপনি এখনও CityFHEPS এর অ্যাপার্টমেন্টে বসবাস করছেন কিনা তা নিশ্চিত করতে হবে
- আপনার পরিবারের আকার নিশ্চিত করতে হবে
- আপডেট করা আয়ের তথ্য জমা দিতে হবে

যদি আপনি পুনর্নবীকরণের আবেদনপত্র এবং অন্যান্য সমর্থিত নথিসমূহ প্রথম চূড়ান্ত সময়সীমার মধ্যে ফেরত না দেন, তাহলে আমরা আপনাকে একটি সতকর্তার বিজ্ঞপ্তি পাঠাবো।

যদি সতকর্তার বিজ্ঞপ্তিতে দেওয়া চূড়ান্ত সময়সীমার মধ্যে আপনি আমাদের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সামগ্রী না পাঠান, আমরা ভর্তুকির বছর শেষ হওয়ার 30 দিনের মধ্যে আপনার পুনর্নবীকরণের আবেদনের প্রক্রিয়াকরণ করতে পারব না। আপনি এবং আপনার বাড়িওয়ালা চূড়ান্ত পরিসমাপ্তির বিজ্ঞপ্তি পাবেন।

আমি আমার পুনর্নবীকরণের আবেদন দেরিতে ফেরত দিলে কী হবে?

আমাদেরকে আপনার পুনর্নবীকরণ দেরিতে পাঠালে (চূড়ান্ত সমাপ্তির বিজ্ঞপ্তির পরে) কিছু নেতিবাচক প্রভাব ফেলতে পারে। আপনাকে হাউজিং কোর্টে যেতে হতে পারে এবং আপনি আপনার আবাসন হারানোর ঝুঁকিতে থাকতে পারেন।

তবে, যদি আপনার বিলম্বিত পুনর্নবীকরণের আবেদন ভর্তুকির বছর শেষ হওয়ার পরে এক বছরের মধ্যে আসে, এবং তার থেকে বেশি দেরি হলেও যুক্তিসঙ্গত কারণ থাকে, তাহলে আমরা হয়তো ভর্তুকি পুনর্নবীকরণ করতে অথবা পুনরুদ্ধার করতে সক্ষম হব।

(পৃষ্ঠা ওল্টান)

আমি কিভাবে আমার CityFHEPS পুনর্নবীকরণ জমা দেবো?

ACCESS HRA (AHRA) এর মাধ্যমে অনলাইনে জমা দেওয়া হল আপনার CityFHEPS পুনর্নবীকরণ আবেদন জমা দেওয়ার সবচেয়ে সহজ এবং দ্রুততম উপায়।

আপনার পুনর্নবীকরণ ফর্মটি জমা দিন

- www.nyc.gov/accesshra-এ যান বা ACCESS HRA (AHRA) মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করুন।
- আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন অথবা আপনার অ্যাকাউন্ট না থাকলে একটি অ্যাকাউন্ট তৈরি করুন।
- আপনি যদি এখনও আপনার কেসগুলো আপনার অ্যাকাউন্টের সাথে লিঙ্ক না করে থাকেন, তাহলে তা লিঙ্ক করুন।
- **সক্রিয় কেসগুলি ও প্রক্রিয়াধীন আবেদনপত্রগুলো** দেখতে স্ক্রোল করুন।
- আপনার CityFHEPS কেস কার্ডটি খুঁজুন এবং **"Renew (পুনর্নবীকরণ করুন)"** বোতামে ক্লিক করুন।
- পুনর্নবীকরণের সমস্ত তথ্য পূরণ করুন এবং আপনার পুনর্নবীকরণ ফর্মটি জমা দিন।

প্রয়োজনীয় নথিপত্র জমা দিন

আপনার বসবাসভিত্তিক পরিস্থিতিতে যেকোনো পরিবর্তন, আয়, সম্পদ, ভাড়া, ইউটিলিটি, পরিবারের আকার, শিশু পরিচর্যা খরচের ক্ষেত্রে পরিবর্তন এবং অন্যান্য পরিবর্তনগুলি যাচাই করার জন্য AHRA মোবাইল অ্যাপে নথিগুলি আপলোড করুন। আরও তথ্য: www.nyc.gov/hradocs

অনলাইনে জমা দিতে অক্ষম?

যদি আপনার কাছ থেকে আমাদের চাওয়া বাড়তি তথ্য বা নথিপত্র আমাদের পাঠানোর জন্য আপনি AHRA ব্যবহার করতে না পারেন, সেক্ষেত্রে আপনি আমাদের নথিপত্রের অনুলিপি ইমেল করতে পারেন, ডাকযোগে পাঠাতে পারেন বা ডেলিভারি পরিষেবার মাধ্যমে পাঠাতে পারেন:

ইমেল করুন: CityFHEPSrenewals@hra.nyc.gov

মেইল বা ডেলিভার করুন: CityFHEPS
NYC Human Resources Administration
109 East 16th Street
New York, New York 10003

আপনি যেভাবেই জমা দিয়ে থাকুন, একবার এজেন্সি আপনার পুনর্নবীকরণের তথ্য পেলে, আমরা সেটি পেয়েছি বলে নিশ্চিত করব। আপনি যদি অনলাইনে জমা দেন, যেটি হল সবচেয়ে সহজ এবং দ্রুততম উপায়, তাহলে আপনি তখনই নিশ্চিতকরণ পাবেন যে আপনি এটি জমা দিয়েছেন।

(পৃষ্ঠা ওল্টান)

আমার পরিবারের সদস্য সংখ্যা পরিবর্তিত হলে কী হবে?

যদি আপনার পরিবারের থেকে কেউ চলে যান, তাহলে আপনার পরিবারের জন্য যে সর্বোচ্চ ভাড়ার আপনি যোগ্য তা কমে যেতে পারে। এমন ঘটনা ঘটলে হয়তো আপনাকে কম ভাড়ার কোনও নতুন অ্যাপার্টমেন্টে স্থানান্তরিত হতে হবে।

যদি আপনার পরিবারের আকার বড় হয়ে যায়, এবং আপনার ইউনিটটি অত্যন্ত বেশি ঘিঞ্জি হয়ে পরে, তাহলে আপনি আপনার স্থানীয় গৃহনির্ভর কর্মসূচি (Homebase program)-তে গিয়ে যুক্তিসঙ্গত কারণে কোনও বড় ইউনিটে স্থানান্তরের জন্য আবেদন করতে পারেন।

আমার পরিবারের সর্বোচ্চ আয় কত হতে পারে?

আপনার পরিবারের মোট আয় এলাকার গড় আয় (Area Median Income, AMI)-এর 80% হতে পারে এবং তা সত্ত্বেও CityFHEPS-এর পুনর্নবীকরণের জন্য যোগ্য হতে পারে।

আমাকে কি CityFHEPS এর পুনর্নবীকরণ করানোর জন্য নতুন লিজ নিতে হবে?

CityFHEPS কর্মসূচিতে অবিরত রাখার জন্য আপনার বাড়িওয়ালার সঙ্গে কোনও পুনর্নবীকরণ করা লিজের প্রয়োজন নেই। যতক্ষণ পর্যন্ত আপনি CityFHEPS এর যোগ্য এবং ভর্তুকির পুনর্নবীকরণ করাচ্ছেন, ততক্ষণ এই কর্মসূচি অবিরত থাকবে।

আমি কিভাবে আমার CityFHEPS ভাড়া বৃদ্ধি করতে পারি?

আপনার ভাড়া বেড়ে গেলে, আমরা আপনার ভর্তুকিও বাড়াতে পারি। আপনাকে বেশি ভাড়ার কথা উল্লেখ থাকা নতুন স্বাক্ষরিত লিজটি আমাদের দেখাতে হবে। আপনি যখন আপনার পুনর্নবীকরণ ফর্ম পাঠাবেন তখন অনুগ্রহ করে আমাদের নতুন লিজটি দিন। আপনি যদি 2022 সালের জানুয়ারির আগে আপনার অ্যাপার্টমেন্টে চলে যান, তাহলে অনুগ্রহ করে আমাদের একটি সম্পূর্ণ বাড়িওয়ালা ইউটিলিটি তথ্য ফর্মও দিন।

বাড়িওয়ালা ইউটিলিটি ইনফরমেশন ফর্ম (Landlord Utility Information Form) কী এবং কেন HRA-এর এটি প্রয়োজন?

আপনার বাড়িওয়ালা কিছু বা সমস্ত ইউটিলিটি প্রদান না করলে HRA ইউটিলিটি সহ একটি অ্যাপার্টমেন্টের জন্য কোনো অর্থ প্রদান করবে না। কোন ইউটিলিটি, যদি থাকে, তা প্রদান করা হচ্ছে কিনা সেই বিষয় HRA কে জানাতে বাড়িওয়ালাদের অবশ্যই একটি ল্যান্ডলর্ড ইউটিলিটি ইনফরমেশন ফর্ম পূরণ করতে হবে।

(পৃষ্ঠা ওল্টান)

ইউটিলিটি ভাতা এবং ইউটিলিটি পেমেন্ট বলতে কী বোঝায়?

ভাড়াটে দ্বারা প্রদত্ত যেকোনো ইউটিলিটির জন্য, HRA বাড়িওয়ালাকে যে পরিমাণ ভর্তুকি দেবে তা থেকে কেটে নেওয়া হবে। যে পরিমাণ টাকা বাদ দেওয়া হয় তাকে "ইউটিলিটি ভাতা" বলা হয়। যদি কিছু বা সমস্ত ইউটিলিটি আপনার ভাড়ার মধ্যে অন্তর্ভুক্ত না থাকে, এবং আপনার ভাড়া সর্বাধিকের অনুমোদিত ভাড়ার চেয়ে কম হয়, তাহলে আপনি সেই ইউটিলিটিগুলির জন্য একটি ভাতা পাবেন। ইউটিলিটি ভাতা বিভিন্ন ইউনিট আকারের পরিবারের দ্বারা প্রদত্ত ইউটিলিটি এবং পরিষেবাগুলির সাধারণ খরচের উপর ভিত্তি করে হয়ে থাকে।

যদি আপনার ইউটিলিটি ভাতা আপনার পরিবারের শেয়ারের পরিমাণকে ছাড়িয়ে যায়, তাহলে বাকি যে কোনো পরিমাণ আপনাকে ডাকযোগে পাঠানো হবে যাতে আপনি সরাসরি আপনার ইউটিলিটিগুলির জন্য অর্থ প্রদান করতে ব্যবহার করতে পারেন। এই পরিমাণ টাকাকে "ইউটিলিটি পেমেন্ট" বলা হয়।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://www.nyc.gov/site/hra/help/cityfheps-documents.page এ DSS CityFHEPS ওয়েবসাইটে যান।

আমি কতদিনের জন্য CityFHEPS পেতে পারি?

আপনি মোট পাঁচ বছরের জন্য CityFHEPS গ্রহণ করতে পারেন। এর মধ্যে পুরনো ভাড়া সহায়তার কর্মসূচিগুলির (CITYFEPS, LINC, SEPS অথবা Pathway Home) থেকে যেকোনও সময় আপনি পেয়ে থাকতে পারেন এমন অর্থ অন্তর্ভুক্ত থাকে।

এই পাঁচ-বছরের সময়সীমা সমস্ত পরিবারগুলিতে প্রযোজ্য হয় না। যদি আপনার পরিবারে 60 বছর বা তার বেশি বয়সের কোনও ব্যক্তি থাকেন, অথবা এমন কোনও ব্যক্তি যিনি ফেডারেল প্রতিবন্ধীর ভাতাগুলি গ্রহণ করছেন, সেক্ষেত্রে কোনও সময়সীমা থাকে না। এছাড়াও, নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে, যুক্তিসঙ্গত কারণে আমরা আপনার ভর্তুকি পাঁচ-বছর পরেও সম্প্রসারণ করতে পারি।

যদি আপনি পাঁচ-বছরের সময়সীমার কাছাকাছি পৌঁছে যাবেন, আমরা আপনাকে যুক্তিসঙ্গত কারণে পুনর্নবীকরণ করাতে আবেদন করার জন্য আপনাকে চিঠি পাঠাবো।

পুনর্নবীকরণগুলি সবসময় সঙ্গে সম্পর্কিত পরিবারগুলির যোগ্যতার আবশ্যিক শর্ত পূরণ চলমান এবং উপলব্ধ অর্থের সংস্থান চলছে।